



দেশে ফিরে বিচারের মুখোমুখি হতে হাসিনাকে রিজভীর আহ্বান



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশে ফেরার বক্তব্যকে রাজনৈতিক প্রচারণা বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, শুধু বক্তব্য দিয়ে নয়, সাহস থাকলে শেখ হাসিনার দেশে ফিরে আইনের মুখোমুখি হওয়া উচিত।

মঙ্গলবার (২৬ মে) রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। রিজভীর দাবি, শেখ হাসিনার দেশে ফেরার প্রসঙ্গ মূলত রাজনৈতিক অবস্থান জানানোর একটি কৌশল মাত্র।

তিনি বলেন, একজন রাজনৈতিক নেতার দায়িত্ব হলো জনগণ ও আইনের প্রতি সম্মান দেখানো। তাই সত্যিকার অর্থে নিজের অবস্থান পরিষ্কার করতে চাইলে শেখ হাসিনার দেশে ফিরে বিচার প্রক্রিয়ায় অংশ নেওয়া উচিত বলে মন্তব্য করেন তিনি।

ঈদ সামনে রেখে দেশের সার্বিক পরিস্থিতি নিয়েও কথা বলেন বিএনপির এই নেতা। তার ভাষ্য, সরকারের বিভিন্ন উদ্যোগের কারণে এবার ঘরমুখো মানুষ আগের তুলনায় অনেক স্বস্তিতে যাতায়াত করতে পারছেন। সড়কে শৃঙ্খলা বজায় রাখতে প্রশাসনের তৎপরতা থাকায় যানজট ও ভোগান্তিও তুলনামূলক কম হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতির কথাও তুলে ধরে রিজভী বলেন, বর্তমান সরকার নির্বাচনি প্রতিশ্রুতি বাস্তবায়নে শুরু থেকেই সক্রিয় রয়েছে। জনগণের প্রত্যাশা পূরণে ভবিষ্যতেও সরকারের এই কার্যক্রম অব্যাহত থাকবে বলেও আশা প্রকাশ করেন তিনি। এ সময় বিএনপির যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট আব্দুস সালাম আজাদ এমপিসহ দলীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।